

বিনোদন

হলিউড স্টাইলে কাজের ইচ্ছা ছিল, সেটা এবার করে দেখালাম: জায়েদ খান

প্রতিবেদক: বিনোদন ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে ফিলাডেলফিয়া-বিভিন্ন লোকেশনে স্পোর্টসকার, মোটরসাইকেল আর দেশি-বিদেশি মডেল নিয়ে নির্মিত হয়েছে জায়েদ খানের নতুন মিউজিক ভিডিও। [শিকারি] শিরোনামের গানটির ভিডিওতে প্রথমবারের মতো বড় আয়োজনে মডেল হয়েছেন ঢালিউডের এই অভিনেতা। গতকাল লুডু মিউজিকের ইউটিউব চ্যানেলে প্রকাশ পেয়েছে ভিডিওটি।

জায়েদ খানের দাবি, প্রচলিত মিউজিক ভিডিওর চেয়ে [শিকারি]র আয়োজন অনেকটাই আলাদা। বিশেষ করে যুক্তরাষ্ট্রের চলচ্চিত্রনির্মাণের আদলে এর দৃশ্য ধারণ করা হয়েছে। এ প্রসঙ্গে জায়েদ বলেন, [হলিউডের স্টাইলে কাজ করার ইচ্ছা অনেক দিনের। যুক্তরাষ্ট্রে থাকার কারণে এবার সেই সুযোগটা পেয়েছি। আমিও সেটিপ করে দেখলাম। ভিডিওটি দেখলে দর্শকরা বুঝতে পারবেন, কাজটিতে কতটা ভিন্নতা আনার চেষ্টা করেছি।]

গত মাসে যুক্তরাষ্ট্রের বিভিন্ন স্থানে ভিডিওটির শুটিং হয়। নিউইয়র্ক ও ফিলাডেলফিয়াসহ একাধিক লোকেশনে ধারণ করা হয়েছে দৃশ্য। ভিডিওতে জায়েদের সঙ্গে অংশ নিয়েছেন সাতজন মডেল। তাঁদের মধ্যে বাংলাদেশের ইয়াসমিন ছাড়াও যুক্তরাষ্ট্রের নিনা ও মারিয়ানা এবং

রাশিয়ার জুলিয়া, কারলা, কামিলা ও মিলানা রয়েছেন।

ভিডিওটির আয়োজন নিয়ে জায়েদ বলেন, “একটি সিনেমার গানের জন্যও আমরা সাধারণত এত সময় দিতে পারি না। অথচ এই কাজটিতে বেশ কিছু দারুণ লোকেশনে শুটিং করেছি। স্পোর্টসকার, মোটরসাইকেলসহ নানা আয়োজন ছিল। আমার বিশ্বাস, দর্শকদের কাছে এটি ভালো লাগবে।”

মিউজিক ভিডিওতে জায়েদের উপস্থিতি নিয়েও এরই মধ্যে সামাজিক যোগাযোগমাধ্যমে আলোচনা তৈরি হয়েছে। কয়েক দিন ধরে নিজের ফেসবুকসহ বিভিন্ন মাধ্যমে ভিডিওটির প্রচারণা চালাচ্ছেন তিনি। তাঁর প্রত্যাশা, দেশের দর্শকের পাশাপাশি যুক্তরাষ্ট্রসহ বিশ্বের বিভিন্ন দেশে থাকা বাংলাদেশিরাও গানটি উপভোগ করবেন।

শিকারি গানটিতে কণ্ঠ দিয়েছেন সজীব দাস ও সানজিদা রিমি। গানটির কোরিওগ্রাফি করেছেন রোহান বিল্লাল। মিউজিক ভিডিও পরিচালনা করেছেন বদরুদ্দোজা সাগর। আজ লুডু মিউজিকের ইউটিউব চ্যানেলে এটি প্রকাশ করা হবে।

এ বিভাগের আরও খবর



একসময় গরিব ছেলে পছন্দ ছিল: প্রভা
অভিনেত্রী সাদিয়া জাহান প্রভাকে এখন পর্দায় কালেকভদ্রে দেখা যায়। তবে সামাজিক যোগাযোগমাধ্যমে নিয়মিতই সরব তিনি।
বিভিন্ন পোস্টের মাধ্যমে অনুসারীদের...



বিমানবন্দরে গ্রেপ্তার অপু বিশ্বাসের শিকারি নায়ক
হত্যা মামলায় চিত্রনায়ক মরতুজা পলাশ গ্রেপ্তারঢাকা প্রতিনিধি বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় সংঘটিত একটি হত্যা
মামলায় চিত্রনায়ক মরতুজা পলাশকে...



এক হাজার টাকায় শুরু, শেষটা নিঃস্ব হয়ে: জুয়া নিয়ে ভিডিও বানিয়ে প্রশংসায় চমক
এক হাজার টাকায় শুরু, শেষটা নিঃস্ব হয়ে! সহজে টাকা আয়ের রতিন যুগে অনলাইন জুয়ার ফাঁদে পড়েছিলেন শিহাব নামের এক
যুবক। হারানো টাকা ফেরত পাওয়ার...



ইতালিতে বাঁধনের ওপর হামলাকারী ৩ ব্যক্তি শনাক্ত
অভিনেত্রী আজমেরী হক বাঁধনের ওপর হামলা ও হেনস্তার ঘটনায় জড়িত কয়েকজনের পরিচয় পাওয়া গেছে। ভিডিও বিশ্লেষণ করে
তাদের মধ্যে শিপল মাহমুদ বিশ্বব, ইল...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/entertainment/hliud-staile-kajer-ichchha-chhil-seta-ebar-kre-dekhalam-jayed-khan>